৪৭

আজকের কাগজ

তারিখ 31 DEC 1993
পৃষ্ঠা ৩ কলাম ৬

বাংলা একাডেমির মহাপরিচালকের সঙ্গে বৈঠকে শেখ হাসিনা

# বাংলা একাডেমি বাংলা সাহিত্য সংস্কৃতির পীঠস্থান

□ *একাডেমির বার্ষিক সাধারণ সভায় শেখ হাসিনা আমন্ত্রিত,*

গতকাল সকালে মিন্টো রোডস্থ বিরোধী দলীয় নেত্রীর বাসভবনে বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী নেত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক হারুন-উর-রশীদ সাক্ষাৎ করেন। মহাপরিচালক বাংলা একাডেমির বর্তমান অবস্থা, কার্যক্রম এবং বিপণনসহ উন্নয়ন, অগ্রগতি সম্পর্কে বিরোধী দলীয় নেত্রীকে অবহিত করেন। বাংলা একাডেমি প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, বাংলা একাডেমি বাঙালি জাতির গৌরব। বাঙালির সাহিত্য সংস্কৃতির পীঠস্থান। তিনি আশা পোষণ করেন বাংলা একাডেমি সকল সংকীর্ণতার উর্ধ্বে বাঙালি জাতির ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করবে।

মহাপরিচালক বিরোধী দলীয় নেত্রীকে বাংলা একাডেমি প্রকাশিত এক সেট বই উপহার দেন এবং তিনি আজ অনুষ্ঠিতব্য সাধারণ বার্ষিক সভায় শেখ হাসিনাকে যোগদানের আমন্ত্রণ জানান। উল্লেখ্য যে, শেখ হাসিনা বাংলা একাডেমির আজীবন সদস্য।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক আবু সাইয়িদ, মোনায়েম সরকার, বাংলা একাডেমির সচিব, উপ-পরিচালক আশফাক উল আলম, ফজলুল হক সরকার, আনিসুর রহমান প্রমুখ। খবর বিজ্ঞপ্তি।